GREATER MANCHESTER
GOOD EMPLOYMENT CHARTER

# গ্রেটার ম্যানচেস্টার ভাল কর্মসংস্থান বিষয়ক সনদ

## অনুবাদের জন্য সংক্ষিপ্ত বিবরণ নথি

Supported by

European Commission

GMCA GREATER MANCHESTER COMBINED AUTHORITY

ANDY BURNHAM
MAYOR OF GREATER MANCHESTER

## নথির সংক্ষিপ্ত বিবরণ ও উদ্দেশ্য

এই নথিটি গ্রেটার ম্যানচেস্টার ভাল কর্মসংস্থান বিষয়ক সনদের (Greater Manchester Good Employment Charter) সাথে পরিচয় করায়, এর লক্ষ্য, স্তর, বৈশিষ্ট্য এবং যে নিয়োগকর্তারা এই আন্দোলনে যুক্ত হতে চান তাদের জন্য প্রক্রিয়ার সংক্ষিপ্ত বিবরণ দেয়। যে নিয়োগকর্তারা সমর্থক হিসেবে নিবন্ধন করতে চান এবং পরবর্তীকালে সনদের সদস্য হতে চান, তাদের জন্য সমর্থকের অঙ্গীকার ও সদস্যতার মানদণ্ডকে এটি তারপরে বর্ণনা করে।

## গ্রেটার ম্যানচেস্টার ভাল কর্মসংস্থান বিষয়ক সনদ (Greater Manchester Good Employment Charter)

গ্রেটার ম্যানচেস্টার ভাল কর্মসংস্থান বিষয়ক সনদ (Greater Manchester Good Employment Charter) হল একটি স্বেচ্ছামূলক সদস্যতা ও মূল্যায়ন যোজনা যেটি তৈরি করা হয়েছে সমৃদ্ধ ও উৎপাদনশীল অর্থনীতির পাশাপাশি মানুষকে অগ্রগতি ও বিকাশের জন্য ভাল কাজের সুযোগ প্রদানে সহায়তা করার জন্য। সনদটির লক্ষ্য হল আকার, ক্ষেত্র বা ভৌগোলিক অঞ্চল নির্বিশেষে GM এর সকল নিয়োগকর্তার কর্মসংস্থানের মানদণ্ডকে উন্নত করা। সনদটিতে নিয়োগকর্তাদের জন্য তিন স্তরের অংশগ্রহণ আছে - সমর্থক, সদস্য ও অধিবক্তা।

নিয়োগকর্তাদের সনদে নিবন্ধন করতে উৎসাহিত করা হয় - যা ভাল কর্মসংস্থানের প্রতি একটি দৃশ্যমান বহির্মুখী অঙ্গীকার করে, সহকর্মী-থেকে-সহকর্মী সহায়তার সমর্থকদের নেটওয়ার্ক-এ প্রবেশাধিকার অর্জন করা, অনুষ্ঠান ও ওয়েবিনার এবং সনদে বর্ণনা করা ভাল কর্মসংস্থানের সাতটি বৈশিষ্ট্যে নিয়োগকর্তাদের উন্নতি করতে সাহায্য করার জন্য সদা-বৃদ্ধিশীল সম্পদের বিশাল সম্ভার: সুরক্ষিত কাজ, নমনীয় কাজ,  বাস্তব জীবনযাপনের পারিশ্রমিক, অংশগ্রহণ ও মতামত, নিয়োগ, মানুষের ব্যবস্থাপনা, এবং স্বাস্থ্য ও সুস্থতা।

সনদটি স্বীকার করে যে ভাল কর্মসংস্থান হল একটি যাত্রা, গন্তব্য নয়। নিয়োগকর্তারা তাদের যাত্রাপথে যেখানেই থাকুক না কেন, এটি তাদেরকে সহায়তা করে - তা সেটা মানদণ্ড উন্নত করার প্রতি অঙ্গীকার করাই হোক, বা ভাল কর্মসংস্থান তৈরি করা, কার্যাভ্যাসগুলিকে আরও উন্নত করা বা অন্যদেরকেও এটা করার জন্য পরামর্শ দেওয়াই হোক।

### অঙ্গীকার

ভাল কর্মসংস্থানের সাতটি বৈশিষ্ট্যে আপনার কার্যাভ্যাসগুলি কোথায় আছে এবং আপনি কীভাবে উন্নয়নের পরিকল্পনা করেন তার ওপরে আলোকপাত করে একটি লিখিত অঙ্গীকার করার দ্বারা সনদটির একজন সমর্থক হয়ে উঠুন। একজন সমর্থক হিসেবে যুক্ত হওয়ার জন্য আপনাকে বৈশিষ্ট্যগুলির সবকটি মানদণ্ড পূরণ করতে হবে না, কিন্তু আপনাকে সবগুলির ক্ষেত্রেই কার্যাভ্যাস উন্নত করার জন্য অবশ্যই অঙ্গীকার করতে হবে।

### বিকাশ

ভাল কর্মসংস্থানের বিভিন্ন বিষয়গুলির সূচনা করা, বাস্তবিক ও সহজে বাস্তবায়নযোগ্য সারাংশের সাথে শিক্ষাদান করা, এবং উদ্ভাবনশীল কার্যাভ্যাস ও প্রমাণিত সুবিধার সাথে অনুপ্রাণিত করার লক্ষ্যে, অনুষ্ঠানগুলিতে উপস্থিত থেকে সনদের সমর্থকদের নেটওয়ার্ক-এর সঙ্গে যুক্ত হোন। নিয়োগকর্তাদের আকার, ক্ষেত্র বা অবস্থানের ওপরে নির্ভর করে তাদের জন্য উপযোগীকৃত, সমর্থকদের জন্য GM ব্যাপী উপলব্ধ সংস্থান ও সহায়তা পরিষেবাগুলি ব্যবহার করে সনদের সকল বৈশিষ্ট্যগুলি জুড়ে উন্নততর কর্মসংস্থান অন্তর্ভুক্ত করার জন্য সচেষ্ট হোন।

### উন্নত করুন

সকল নিয়োগকর্তাই একজন সমর্থক হিসেবে তাদের যাত্রা শুরু করেন, তারপরে তারা ভাল কর্মসংস্থানের সাতটি বৈশিষ্ট্যের সবগুলির জন্য নির্দিষ্ট করা মানদণ্ডগুলি পূরণ করে সদস্য মর্যাদায় চলে যেতে পারেন। সদস্যতার মানদণ্ড পূরণ করা ভাল কর্মসংস্থানের কার্যাভ্যাসগুলির প্রমাণ হলেও, এটা যাত্রার শেষ নয় এবং আশা করা হবে যে সদস্যরা বৈশিষ্ট্যগুলিতে কার্যাভ্যাসকে উন্নত করা চালিয়ে যাবেন। চার্টার ইউনিট নতুন সদস্যদের নাম প্রস্তাব করবেন।

### পরামর্শদাতা

ব্যক্তিরা পরামর্শদাতার ভূমিকায় ভাল কর্মসংস্থানের বৈশিষ্ট্যগুলিতে তাদের দক্ষতা বিনিময় করা এবং নিয়োগকর্তাদের সঙ্গে যুক্ত হয়ে GM ব্যাপী কর্মসংস্থানের মানদণ্ড উন্নত করার জন্য সনদের লক্ষ্যটিকে সহায়তা করে সনদের অধিবক্তা হয়ে উঠতে পারেন। অধিবক্তারা যে কোনো আকার, ক্ষেত্র বা অবস্থানের সংস্থাগুলি থেকে আসবেন।

GREATER MANCHESTER GOOD EMPLOYMENT CHARTER

## সনদ সমর্থকের অঙ্গীকার

নিচের অঙ্গীকারগুলি ভাল কর্মসংস্থানের সাতটি বৈশিষ্ট্য জুড়ে একজন সনদ সমর্থকের কাছে প্রত্যাশিত ন্যূনতম মানদণ্ডগুলি বিবৃত করে। সনদের সমর্থকদের সকলের জন্য ভাল চাকরি তৈরি করার উচ্চাকাংক্ষা আছে, মানুষকে অগ্রগতি করতে, বিকাশ করতে এবং আমাদের সমৃদ্ধ আঞ্চলিক অর্থনীতিতে অবদান রাখতে সাহায্য করার জন্য বাস্তব সুযোগের সাথে।

আশা করা হয় যে নিয়োগকর্তারা পূর্ণরূপে সহায়তা করবেন এবং ভাল কর্মসংস্থানের বৈশিষ্ট্যগুলিতে তাদের কার্যাভ্যাসকে উন্নত করার লক্ষ্যে কাজ করবেন - বৈশিষ্ট্যগুলি বিবৃত করে যে ভাল কর্মসংস্থানের কার্যাভ্যাস, কর্মীদের কার্যকর অংশগ্রহণ এবং ভাল ও ন্যায্য কর্মসংস্থান কেমন দেখায়। এগুলি গতিশীল, এবং আরও বেশি সংস্থা যুক্ত হওয়া ও বিভিন্ন পন্থাগুলিকে স্বীকার করার সাথে সাথে এগুলির বিবর্তন হবে।

### সুরক্ষিত কাজকে প্রসারিত করা

আমাদের কর্মীরা যত ঘণ্টা কাজ করেন সেই বিষয়ে তাদেরকে স্পষ্টতা প্রদান করা এবং অপ্রয়োজনীয় ধরনের অসুরক্ষিত কর্মসংস্থান ব্যবহার না করার জন্য আমরা অঙ্গীকার করছি, যাতে তারা তাদের আয়ের ওপরে আরও বেশি সুরক্ষা পেতে পারেন এবং তাদের কাজ সংক্রান্ত ও কাজ-বহির্ভূত অঙ্গীকারগুলিকে আরও সহজে পরিচালনা করতে পারেন।

### নমনীয় কাজকে প্রসারিত করা

আমরা কর্মীদের যেখানে সম্ভব নমনীয়ভাবে কাজ করার সুযোগ দেব, যা সুযোগসুবিধার ক্ষেত্রে আরও বেশি সমতা প্রদান করে, একটি আরও বেশি বৈচিত্র্যপূর্ণ ও অন্তর্ভুক্তিকর কর্মস্থল সৃষ্টি করে এবং আমাদের কর্মীদলের দক্ষতা ও প্রতিভাগুলিকে আরও ভালভাবে ব্যবহার করতে আমাদের সাহায্য করে।

### বাস্তব জীবনযাপনের পারিশ্রমিকের লক্ষ্যে কাজ করা

আমাদের কর্মীরা যাতে জীবনযাপনের একটি শালীন মান অর্জন করতে পারেন, এবং আমরা নিয়োগকর্তা হিসেবে কর্মীদের ধরে রাখার উচ্চ হার ও কর্মীদলের উন্নততর অংশগ্রহণের থেকে লাভবান হতে পারি, সেই জন্য আমরা লিভিং ওয়েজ ফাউন্ডেশন (Living Wage Foundation) দ্বারা সুপারিশকৃত মাত্রায় নির্দিষ্ট করা বাস্তব জীবনযাপনের পারিশ্রমিক প্রদান করব বা তা প্রদানের লক্ষ্যে কাজ করব।

### কর্মস্থলে অংশগ্রহণ ও স্বর উন্নত করা

স্বীকৃত শ্রমিক সংগঠনগুলি যেখানে সম্ভব সেখানে কর্মীদের সম্মিলিত স্বর প্রকাশ করাকে সহজতর করা, কর্মীদের যুক্ত করার কার্যকর ক্রিয়াকলাপ গড়ে তোলা এবং সংশ্লিষ্ট পেশাদার সংস্থাগুলির থেকে সহায়তার সাথে, আমাদের কর্মীরা যাতে আমাদের সংস্থার দিকনির্দেশ ও সাফল্যে পূর্ণরূপে অবদান রাখতে পারেন এবং তাদের ভূমিকাকে রূপ দিতে পারেন সেই জন্য।

### নিয়োগের চমৎকার কার্যাভ্যাস গড়ে তোলা

স্বচ্ছ, অন্তর্ভুক্তিকর ও ন্যায্য প্রক্রিয়া, স্কুল, পরবর্তী শিক্ষা ও উচ্চ শিক্ষা প্রদানকারীদের সাথে অংশগ্রহণ এবং কর্মসংস্থান কর্মসূচিগুলির মাধ্যমে, নিয়োগকর্তা হিসেবে আমরা যাতে গ্রেটার ম্যানচেস্টারের সকল সম্প্রদায়গুলি জুড়ে বৈচিত্র্য ও প্রতিভার পূর্ণ সুবিধা নিতে পারি, এবং সুনিশ্চিত করতে পারি যে আমাদের কর্মীরা তাদের দক্ষতা ও অভিজ্ঞতাকে নিরন্তর বিকশিত করা ও ব্যবহার করার সুযোগ পান।

### ব্যক্তি পরিচালনাকে উন্নত করা

আমরা আমাদের সকল কর্মীকে গুরুত্ব দিই এবং ন্যায্য ও অন্তর্ভুক্তিকর কর্মস্থল গড়ে তুলব, ম্যানেজার সহ কর্মীদলের প্রশিক্ষণ ও উন্নয়নে বিনিয়োগ করব, এবং আমরা যাতে একটি সফল ও উচ্চ কার্যসম্পাদনশীল সংস্থা হয়ে উঠি তা নিশ্চিত করার জন্য কর্মীদের অনুপ্রেরণা ও উৎসাহ দেব।

### কর্মীদের স্বাস্থ্য ও সুস্থতার প্রতিপালন করা

আমরা আমাদের সকল কর্মীর মানসিক ও শারীরিক স্বাস্থ্যকে সহায়তা করি, যার মধ্যে রয়েছে দীর্ঘকালীন ব্যাধি ও অক্ষমতা থাকা মানুষদের জন্য সামঞ্জস্যবিধান, কর্মস্থলে স্বাস্থ্য ও সুরক্ষার উচ্চ মানদণ্ড প্রদান করা, এবং এইভাবে অনুপস্থিতির খরচ হ্রাস করব এবং আরও বৈচিত্র্যপূর্ণ কর্মীদলের সুবিধাগুলি প্রদান করব।

# সনদের সদস্যতার মানদণ্ড

নিচের মানদণ্ডগুলি ভাল কর্মসংস্থানের সাতটি বৈশিষ্ট্য জুড়ে একজন সনদ সদস্যের কাছে প্রত্যাশিত ন্যূনতম মানদণ্ডগুলি বিবৃত করে। মানদণ্ডগুলি সাম্য, বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিকে সক্ষমকারী মূলনীতিগুলি দ্বারা সমর্থিত। উৎকর্ষের জন্য উচ্চাকাংক্ষা নির্দিষ্ট করা, এবং একই সাথে সকল ক্ষেত্র ও মাপের কর্মীরা যাতে গ্রেটার ম্যানচেস্টার ভাল কর্মসংস্থান আন্দোলনের অংশ হতে পারেন তা নিশ্চিত করার জন্য নমনীয়তা প্রদান করার মাধ্যমে সহ-উৎপাদনের একটি প্রক্রিয়ার মাধ্যমে এগুলি তৈরি করা হয়েছে।

**সুরক্ষিত কাজ**

আশা করা হবে যে সনদের সদস্যরা প্রমাণ দেবেন যে কর্মীদের আয়ের সুরক্ষা আছে
এবং তারা তাদের কাজ সংক্রান্ত ও কাজ-বহির্ভূত অঙ্গীকারগুলিকে আরও সহজে পরিচালনা করতে পারেন, এগুলির মাধ্যমে:

- প্রকৃত কাজের ঘণ্টার প্রতিফলন ঘটায় এমন চুক্তি, যার অন্তর্ভুক্ত হল চুক্তিগুলির পর্যালোচনা করা এবং প্রকৃত ঘণ্টা যদি চুক্তিবদ্ধ ঘণ্টাকে নিয়মিতভাবে ছাপিয়ে যায় তাহলে তা সামঞ্জস্যপূর্ণ করার সামর্থ্য, এবং অবশেষে শুধুমাত্র সেই মানুষদের জন্যই শূন্য ঘণ্টার চুক্তি যারা তা চান। 12 সপ্তাহ কর্মসংস্থানের পরে এবং তারপরে প্রতি ছয় মাস অন্তর পর্যালোচনাটি করা হবে।
- যে কোনো পদের জন্য বিজ্ঞাপনে একটি গ্যারান্টিযুক্ত ন্যূনতম ঘণ্টা এবং কাজের বর্ণনা; এবং কোনো একচেটিয়া শূন্য ঘণ্টার চুক্তি নয়।
- যেখানে কোনো নিয়োগকর্তা ঘণ্টা হিসেবে বেতনপ্রাপ্ত কর্মীকে কাজের ঘণ্টা প্রদান করছেন, সেখানে তারা যে সময়গুলিতে কাজ করবেন তার চার সপ্তাহ আগে নোটিশ দেন (যাতে ঘরোয়া পরিকল্পনায় সাহায্য করা যায়) এবং বাতিল হওয়ার ক্ষেত্রে সেই ঘণ্টাগুলির জন্য মানুষকে বেতন দেওয়ার অঙ্গীকার করেন। [চার সপ্তাহের কম নোটিশ দিয়ে কর্মীদেরকে তাদের চুক্তিবদ্ধ কাজের ঘণ্টার অতিরিক্ত ঘণ্টা প্রদান করাকে এটা প্রতিরোধ করে না।]
- একটি পদে নিরবচ্ছিন্নভাবে 12 সপ্তাহের কর্মসংস্থানের পরে, এজেন্সির কর্মীদের প্রত্যক্ষ কর্মীদের মত একই বেতন ও শর্তাবলী প্রদান করা হয়। 12 সপ্তাহের পরে এবং তারপরে প্রতি ছয় মাস অন্তর, এজেন্সি ও অস্থায়ী কর্মী সদস্যদের একটি স্থায়ী পদ প্রদান করার জন্য বিধিবৎ বিবেচনা করা হয়।

**নমনীয় কাজ**

আশা করা হয় যে সনদের সদস্যরা দক্ষতা ও প্রতিভার আরও প্রশস্ত বিবিধতায় প্রবেশ পাওয়ার জন্য আরও নমনীয় একটি কর্মীদলকে সক্ষম করার প্রমাণ দেবেন।

- এমন চাকরির নকশা করা যা যেখানে সম্ভব নমনীয় হয়:
  - মানুষ যেখানে কাজ করেন (বাড়ি থেকে কর্মরত; বিভিন্ন অফিস জুড়ে; ভ্রাম্যমান কর্মরত);
  - মানুষ যে সময়ে কাজ করেন (শুরু বা শেষের নমনীয় সময়; বার্ষিকীকৃত নমনীয়তা; সঙ্কুচিত কাজের ঘণ্টা; প্রোজেক্ট-ভিত্তিক কাজ; শিফটে কাজ); এবং
  - মানুষ যতটা কাজ করেন (আংশিক-সময়; ভাগাভাগি করে কাজ করা বা কাজ ভাগ করে নেওয়া; অবৈতনিক ছুটি)।
- নিম্নলিখিত উদ্দেশ্যে নমনীয় কাজের নীতি থাকা:
  - নমনীয় কাজ করায় উৎসাহিত করা, যেখানে উপযুক্ত ও যুক্তিযুক্ত হয়;
  - পরিস্থিতি নির্বিশেষে প্রত্যেক ব্যক্তিকে নমনীয় কাজের বন্দোবস্তের অনুরোধ করা এবং তার জন্য বিবেচিত হওয়া এবং 28 দিনের মধ্যে অনুরোধগুলির উত্তর পাওয়ার সুযোগ দেওয়া;
  - নমনীয় কাজের বন্দোবস্তের নিয়মিত পর্যালোচনা।
- শুরু থেকেই কাজের নমনীয়তার সম্ভাবনার বিষয়ে স্পষ্টতার সাথে সব চাকরির বিজ্ঞাপন দেওয়া।

**বাস্তব জীবনযাপনের পারিশ্রমিক**

আশা করা হবে যে সনদের সদস্যরা প্রমাণ দেবেন:

**বিজ্ঞপ্তি:** এই সদস্যতার মানদণ্ডটি সেরা কার্যাভ্যাসগুলির একটি বিবৃতি প্রদান করে এবং তালিকাভুক্ত মানদণ্ডগুলি আইনত বাধ্যতামূলক নয়।

GREATER MANCHESTER GOOD EMPLOYMENT CHARTER

- লিভিং ওয়েজ ফাউন্ডেশন (Living Wage Foundation) দ্বারা যেমন নির্দিষ্ট করা হয়েছে, সেইমতো কর্মীদের বাস্তব জীবনযাপনের পারিশ্রমিক প্রদান এবং তাদের ঠিকাদারদের একটি জীবনযাপনের পারিশ্রমিক প্রদানের পরিকল্পনার বিবরণ দেখানোর জন্য।

**অংশগ্রহণ ও স্বর**
আশা করা হবে যে সনদের সদস্যরা একটি আত্মবিশ্বাসী, শক্তিশালী কর্মীদলের প্রমাণ দেবেন ব্যক্তিবিশেষ, কর্মীদল ও কর্তৃপক্ষের মধ্যে একটি কার্যকরী সম্পর্ক গড়ে তোলা যেখানে নিম্নলিখিতের মাধ্যমে মতামত নিরাপদে শোনা যায় এবং বিনিময় করা যায়:

- সিদ্ধান্ত গ্রহণে কর্মীদের অংশগ্রহণ এবং কার্যকর যোগাযোগ ও পরামর্শের মাধ্যমে পরিবর্তন পরিচালনা করা।
    - কথা বলার মত শোনার ওপরেও একই রকম জোর দেওয়া।
    - নিয়োগকর্তা সক্রিয়ভাবে মতামত চান, তারা কর্মীদের থেকে যা শোনেন তা গ্রাহ্য করেন, এবং সংস্থাকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে কর্মীদের অবদান সম্বন্ধে নিয়মিতভাবে যোগাযোগ করা।
    - ম্যানেজাররা যাতে সব স্তরে কর্মীদের বক্তব্য প্রকাশ করার প্রতি অঙ্গীকারবদ্ধ থাকেন তা নিশ্চিত করা
    - সিদ্ধান্ত নেওয়ার আগে কর্মীদের মতামতকে প্রকৃতই বিবেচনা করা
    - কর্মীদের সঙ্গে পদ্ধতি অনুসারে ও নিয়মিতভাবে যোগাযোগ ও পরামর্শ করা

- শ্রমিক সংগঠনগুলির সঙ্গে ইতিবাচকভাবে যুক্ত হওয়া, যার মধ্যে আছে:
    - শ্রমিক সংগঠনের আয়োজকদের কর্মস্থলে প্রবেশের অনুমতি দেওয়া
    - নতুন কর্মীদের শ্রমিক সংগঠনের সম্ভাব্য সদস্যতার বিষয়ে অবগত করা
    - যেখানে সম্ভব, স্বেচ্ছামূলকভাবে শ্রমিক সংগঠন(গুলি)-কে স্বীকৃতি দেওয়া
    - শ্রমিক সংগঠনের কর্তব্যের জন্য পর্যাপ্ত সুবিধা ও সময়, প্রশিক্ষণ ও কার্যকলাপ দেওয়া
    - কোনো শ্রমিক সংগঠনের স্বীকৃতি বাতিল করতে না চাওয়া বা সম্মিলিতভাবে দরাদরির ব্যবস্থাকে নষ্ট না করা
    - সম্মিলিতভাবে সম্মত হওয়া নিয়ম ও শর্তাবলী প্রয়োগ করা
    - সম্মিলিতভাবে দরাদরির ব্যবস্থায় অংশ নেওয়া, যেখানে এগুলির অস্তিত্ব আছে
    - যেখানে সম্ভব, ক্ষেত্রটিতে সম্মিলিতভাবে সম্মত হওয়া নিয়মগুলি প্রয়োগ করা

**নিয়োগ**
আশা করা হবে যে সনদের সদস্যরা একটি বৈচিত্র্যপূর্ণ কর্মীদল নিয়োগ করার প্রমাণ দেবেন গ্রেটার ম্যানচেস্টারের সব সম্প্রদায়ের প্রতিভা থেকে নিম্নলিখিতের মাধ্যমে পাওয়া:

- অচেতন পক্ষপাত দূর করার জন্য পরিকল্পিত নির্বাচন প্রক্রিয়া;
- অন্তর্ভুক্তিকর ও ন্যায্য নিয়োগের কার্যাভ্যাস, সবগুলির ক্ষেত্রেই সমতা ও বৈচিত্র্য অঙ্গাঙ্গীণ;
- পরিচয়হীন নিয়োগের প্রক্রিয়া; যার মধ্যে আছে অক্ষমতার বিষয়ে আত্মবিশ্বাসী যোজনা (disability confident scheme) (বা সমতুল্য) এবং 'ব্যান দ্য বক্স' অভিযানের (আবেদনের ফর্মগুলি থেকে অপরাধমূলক রেকর্ডের টিক বক্স অপসারণ করা, বা সমতুল্য) সঙ্গে সঙ্গতিপূর্ণ;
- চাকরির বিজ্ঞাপন যা পদটিতে নমনীয়ভাবে কাজ করার সম্ভাবনা এবং যত ঘন্টা কাজ করতে হবে সেই সংখ্যা উল্লেখ করে (সুরক্ষিত কাজ দেখুন);
- নিয়োগকারী ম্যানেজারদের সমতা ও বৈচিত্র্যের প্রশিক্ষণ সম্পূর্ণ করা;
- পদ এবং প্রার্থীর জন্য উপযুক্ত নিয়োগ পদ্ধতি - যেমন যোগাযোগ, সাক্ষাৎকার ও কার্যকলাপের গ্রহণযোগ্য পদ্ধতি;
- নিয়োগ প্রক্রিয়া, যার মধ্যে অন্তর্ভুক্ত হল পদপগুলির বিজ্ঞাপন, যা একটি বৈচিত্র্যপূর্ণ কর্মীদলের নিয়োগকে সক্রিয়ভাবে উৎসাহিত করে;
- এর পরিবর্তনশীল ধরন বোঝা এবং বৃহত্তর বৈচিত্র্যের দিকে অগ্রগতির জন্য তাদের কর্মীদলের বৈচিত্র্য পর্যবেক্ষণ করা

**ব্যক্তি পরিচালনা**
আশা করা হবে যে সনদের সদস্যরা নিম্নলিখিতের প্রমাণ দেবেন:

**বিজ্ঞপ্তি:** এই সদস্যতার মানদণ্ডটি সেরা কার্যাভ্যাসগুলির একটি বিবৃতি প্রদান করে এবং তালিকাভুক্ত মানদণ্ডগুলি আইনত বাধ্যতামূলক নয়।

- সংস্থাগত মূল্যবোধ এবং সেই মূল্যবোধগুলির সঙ্গে সঙ্গতিপূর্ণ প্রত্যাশিত আচরণ স্পষ্ট করে দেওয়া, যেগুলি কর্মীদল দ্বারা স্পষ্টভাবে প্রদর্শিত হতে হবে এবং আত্মবিশ্বাসের সাথে স্পষ্টভাবে বলতে হবে;
- লীডার ও ম্যানেজাররা এমন একটি সংস্কৃতি গড়ে তুলেছেন যা সুনিশ্চিত করে যে সব কর্মী একটি ইতিবাচক কর্মজীবনের অভিজ্ঞতা উপভোগ করেন;
- সংস্থার মূল্যবোধ এবং সার্বিক উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ ব্যক্তিগত উদ্দেশ্য;
- ম্যানেজারদের সঙ্গে 1:1 কথোপকথন সহ একটি কার্যসম্পাদন পরিচালনার ফ্রেমওয়ার্ক;
- একটি সংস্থাগত উন্নয়ন/প্রশিক্ষণ পরিকল্পনা যা সুনিশ্চিত করে যে, সব কর্মী (ম্যানেজার সহ) সবেতন সময়ে উপযুক্ত প্রশিক্ষণ পান, যাতে তাদের দক্ষতা ও অভিজ্ঞতাগুলিকে উন্নত করে ও ব্যবহার করে নিজের কাজ কার্যকরভাবে করতে সক্ষম করা যায়;
- অগ্রগতির জন্য উচ্চাকাংক্ষাকে সহায়তা করার জন্য উন্নয়নের সুযোগসুবিধা;
- একাধিক-উৎস থেকে প্রাপ্ত প্রতিক্রিয়া ও সমীক্ষা যা নির্দেশ করে যে কর্মীদল নিজেকে মূল্যবান মনে করে এবং মনে করে যে তাদের ওপরে বিনিয়োগ করা হয়েছে এবং তারা বিকশিত হয়েছেন;
- ম্যানেজারের পদের বৃত্তান্ত যা কর্মীদলকে পরিচালনা করার জন্য যথাসময়ে প্রস্তুত হয়;
- সংস্থায় প্রবেশের একটি কর্মসূচি;
- ACAS নির্দেশনার সাথে সঙ্গতিপূর্ণ অভিযোগ ও শৃঙ্খলামূলক প্রক্রিয়া;
- লীডাররা কর্মীদলকে উৎপীড়ন ও হয়রানির থেকে সুরক্ষিত করেন।

**স্বাস্থ্য ও সুস্থতা**

আশা করা হবে যে সনদের সদস্যরা সবাইকে একজন উৎপাদনশীল কর্মী হয়ে উঠতে সহায়তা করবেন, স্বীকার করবেন যে সব কর্মীই ভিন্ন ভিন্ন প্রয়োজন থাকা স্বতন্ত্র মানুষ, নিম্নলিখিতের প্রমাণ দেওয়ার মাধ্যমে:

- এমন একটি সংস্কৃতি গড়ে তোলার জন্য সিনিয়র লীডারদের অঙ্গীকার যেখানে কর্মীদের একটি সুস্থ ও উৎপাদনশীল কর্মস্থল গড়ে তোলার সাথে সম্পর্কিত নিজের ভূমিকার দায় গ্রহণ করার সামর্থ্য থাকে;
- কর্মীদের সুস্থতা পর্যবেক্ষণ করার সিস্টেম, প্রকৃত ও বাস্তব পরিণাম সহ প্রতিক্রিয়ার ওপরে পদক্ষেপ নেওয়ার প্রয়োজনীয়তা সহ;
- জীবনের বিভিন্ন পর্যায়গুলিকে স্বীকার করা এবং কর্মীদেরকে তাদের কাজের পরিবেশের মধ্যে সমৃদ্ধ হতে সহায়তা করা, যার মধ্যে আছে দীর্ঘকালীন ব্যাধি ও অক্ষমতা থাকা মানুষদের জন্য সমন্বয়সাধন;
- মানসিক স্বাস্থ্য যে স্বাস্থ্য ও ভাল থাকার একটি সমস্যা তা স্বীকার করা, যেটিকে একটি সংস্থার প্রশস্ততর মূল্যবোধ ও উদ্দেশ্যগুলির প্রসঙ্গে বিবেচনা করা প্রয়োজন, নিয়মিত পর্যালোচনার অধীনে কার্যকৌশল সহ;
- কর্মীদের ভাল থাকার বিষয়ে আলোচনা করার জন্য ম্যানেজারদের একটি সুনির্দিষ্ট উদ্দেশ্য আছে, চলতি প্রশিক্ষণ ও সেরা কার্যাভ্যাসকে সহজতর করার জন্য সহায়তা সহ;
- কর্মীদের যখন প্রয়োজন হয় তখন তাদের জন্য অভ্যন্তরীণ ও/বা বহিঃস্থ সহায়তা পরিষেবা এবং ACAS বা সমতুল্য নির্দেশিকার সাথে সঙ্গতিপূর্ণভাবে অসুস্থতাজনিত অনুপস্থিতির ব্যবস্থাপনা।

## পরবর্তী ধাপগুলি

সনদের সাথে যুক্ত হওয়া এবং একজন সমর্থক হিসেবে নথিভুক্ত হওয়ার জন্য, অনুগ্রহ করে সনদ দলের সঙ্গে contact@gmgoodemploymentcharter.co.uk এ যোগাযোগ করুন
বাwww.GMgoodemploymentcharter.co.ukদেখুন

**বিজ্ঞপ্তি:** এই সদস্যতার মানদণ্ডটি সেরা কার্যাভ্যাসগুলির একটি বিবৃতি প্রদান করে এবং তালিকাভুক্ত মানদণ্ডগুলি আইনত বাধ্যতামূলক নয়।